গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
বিএফডিসি ভবন
২৩-২৪ কারওয়ান বাজার, ঢাকা।
www.flid.gov.bd

স্মারক নং-৩৩.০৬.০০০০.০০৪.২৭.০০১.২২-৪৯৫

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৯
২৭ এপ্রিল ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর-এর নিম্নোক্ত শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম, গ্রেড, বেতন স্কেল ও পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|
| ০১. | চিত্রশিল্পী<br>গ্রেড-১২<br>স্কেল:১১৩০০-২৭৩০০/-<br>পদ সংখ্যা-০১ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফাইন আর্টস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ফাইন আর্টস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী বা ডিপ্লোমা বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | জামালপুর, শেরপুর<br>নেত্রকোণা, ঢাকা<br>রাজবাড়ী, নরসিংদী<br>মুন্সীগঞ্জ, হবিগঞ্জ<br>চাঁদপুর, লক্ষ্মীপুর<br>নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ<br>জয়পুরহাট, গাইবান্ধা<br>রংপুর, ঠাকুরগাঁও<br>নীলফামারী, বরিশাল<br>ভোলা, পটুয়াখালী<br>পিরোজপুর, বরগুনা<br>ও<br>ঝিনাইদহ<br><br>**তবে, সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ০২. | অডিও ভিজ্যুয়াল কর্মকর্তা<br>গ্রেড-১২<br>স্কেল:১১৩০০-২৭৩০০/-<br>পদ সংখ্যা-০১ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) অডিও ভিজ্যুয়াল কাজের ক্ষেত্রে বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ০৩. | সহকারী চিত্রশিল্পী<br>গ্রেড-১৩<br>স্কেল:১১০০০-২৬৫৯০/-<br>পদ সংখ্যা-০১ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ফাইন আর্টস বা কমার্শিয়াল আর্টস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী বা ডিপ্লোমা বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ০৪. | অডিও ভিজ্যুয়াল ইউনিট অপারেটর<br>গ্রেড-১৪<br>স্কেল: ১০২০০-২৪৬৮০/-<br>পদ সংখ্যা-০৬ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ৩৫ এমএম ও ১৬ এমএম প্রজেক্টর,এমপ্লিফায়ার, পিএ সেট, জেনারেটর পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও বৈধ ড্রাইভিং লাইসেন্সপ্রাপ্ত;<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(ঘ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ০৫. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>স্কেল: ৯৩০০-২২৪৯০/-<br>পদ সংখ্যা-০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ)কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ)কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি যথা: (i) বাংলা: প্রতি মিনিটে ২০ শব্দ; এবং (ii) ইংরেজী: প্রতি মিনিটে ২০ শব্দ হইতে হইবে। | |
| ০৬. | গাড়ী চালক<br>গ্রেড-১৬<br>স্কেল: ৯৩০০-২২৪৯০/-<br>পদ সংখ্যা-০২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ড্রাইভিং লাইসেন্স: হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন; | |
| ০৭. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>স্কেল: ৮২৫০-২০০১০/-<br>পদ সংখ্যা-১৪ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | শরিয়তপুর, মুন্সীগঞ্জ<br>চাঁদপুর, রাজশাহী ও<br>বরিশাল<br><br>**তবে, সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |

**শর্তাবলি :**

১. চাকরির জন্য নির্ধারিত আবেদন ফরম প্রার্থী কর্তৃক স্বহস্তে/কম্পিউটার টাইপে পূরণ করে নিজ স্বাক্ষরে আবেদন করতে হবে। আবেদন ফরম এ দপ্তরের ওয়েবসাইটে (www.flid.gov.bd) পাওয়া যাবে।

২. আবেদন ফরমে ০১/০৫/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স উল্লেখ করতে হবে এবং উক্ত তারিখে সাধারণ প্রার্থী এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ১৮ থেকে অনুর্ধ্ব ৩০ বছর। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ১৮ থেকে অনুর্ধ্ব ৩২ বছর।

৩. আবেদনপত্র আগামী ০৫/০৬/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, বিএফডিসি ভবন, ২৩-২৪ কারওয়ান বাজার, ঢাকা -এর বরাবরে অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। আবেদনপত্র অবশ্যই ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৪. বিধি মোতাবেক জেলা কোটাসহ বিদ্যমান অন্যান্য কোটা অনুসরণ করা হবে।

৫. সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহন করা হবে। ২ ও ৭ নং ক্রমিকে বর্ণিত পদ ব্যতিত অন্য সকল পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৬. আবেদনপত্রের সাথে আবেদন ফরমে ব্যবহৃত ১ কপি রঙ্গিন ছবি ছাড়াও প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৪(চার) কপি রঙ্গিন ছবি, আবেদনকারীর নাম ও পত্র যোগযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) সম্বলিত ১০(দশ) টাকার ডাক টিকেট সংযুক্ত ১০″× ৪.৫″ ইঞ্চি মাপের একটি ফেরত খাম এবং পরীক্ষার ফি-বাবদ প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে **উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, বিএফডিসি ভবন, ২৩-২৪ কারওয়ান বাজার, ঢাকা বরাবরে কোড নং ১-৪৪৩৭-০০০০-২০৩১** তে ক্রমিক নং ১-৬ এর জন্য ১০০/-(একশত) টাকা এবং ক্রমিক নং ৭ এর জন্য ৫০/- ( পঞ্চাশ ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে ট্রেজারী চালানের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৭. আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ এবং অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) সহ বিভিন্ন কোটায় আবেদনকারীদের কোটার স্বপক্ষে প্রমাণক হিসেবে সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৮. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ডের বাসিন্দা সেই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৯. সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে ।

১০. আবেদনপত্র প্রেরণের খামের বাম পার্শ্বের উপরের অংশে অবশ্যই স্পষ্ট অক্ষরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।

১১. সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

১২. অস্পষ্ট/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত/একই খামের মধ্যে একাধিক আবেদনপত্র অথবা আবেদনপত্রের গায়ে কোন প্রকার সুপারিশ লিপিবদ্ধ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩. আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত,মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য ডাকা হবে।

১৪. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় যাতায়াতের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫. এ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭. উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৮. নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

27/04/2022

(ডাঃ মোঃ এনামুল কবীর)
তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ)
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।